

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৮৩

8७/ किञातून जामन (الله عن رسول الله عن رسول الله عن رسول الله عن الله

পরিচ্ছেদঃ কৃত্রিম কেশ তৈয়ারকারিণী, কৃত্রিম কেশ ব্যবহারকারিণী, উল্কি অঙ্কনকারিণী এবং যে মহিলা উল্কি অঙ্কন করায়।

بَابُ مَا جَاءَ فِي الوَاصِلَةِ وَالمُسْتَوْصِلَةِ وَالوَاشِمَةِ وَالمُسْتَوْشِمَةِ

আরবী

حَدَّتَنَا سُوَيْدٌ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارِكِ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ "لَعَنَ اللَّهُ الْوَاصِلَةَ وَالْمُسْتَوْصِلَةَ وَالْوَاشِمَةَ وَالْوَاشِمَةَ وَالْمُسْتَوْشِمَةً ". قَالَ نَافِعُ الْوَشْمُ فِي اللِّتَةِ . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَفِي الْبَابِ عَنْ عَائِشَةَ وَمَعْقِلِ بْنِ يَسَارٍ وَأَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ وَابْنِ عَبَّاسٍ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ، عَنْ نَافِعٍ، عَنِ الْبُو عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَلَمْ يَذْكُرْ فِيهِ يَحْيَى قَوْلَ نَافِعٍ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ.

বাংলা

২৭৮৩. সুওয়ায়দ (রহঃ) ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে মহিলারা কৃত্রিম কেশ বানায় এবং কৃত্রিম কেশ ব্যবহার করে, উল্কি আঁকে এবং উল্কি আঁকায় তাদেরকে আল্লাহ্ তা'আলা লানত করেছেন। নাফি' (রহঃ) বলেনঃ উল্কি (সাধারণত) দাঁতের নীচের মাড়িতে আঁকে।

সহীহ, ইবনু মাজাহ ১৯৮৭, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৮৩ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। এ বিষয়ে আয়িশা, মা'কিল ইবন ইয়াসার, আসমা বিনত আবূ বকর ও ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুম থেকে হাদীস বর্ণিত আছে। মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) ... ইবন উমর রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত আছে। কিন্তু এতে নাফি' (রহঃ) এর উক্তির উল্লেখ নেই। এ হাদীসটি হাসান-সহীহ।



English

Narrated Ibn 'Umar:

that the Prophet (ﷺ) said: "Allah's curse is upon the woman who lengthens hair and the women who seeks to have her hair lengthened, and the woman who tattoos and the woman who seeks to have her herself tattooed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন